



## জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ইমেইলঃ [info@nhrc.org.bd](mailto:info@nhrc.org.bd); হেল্পলাইনঃ ১৬১০৮

স্মারকঃ এনএইচআরসিবি/প্রেস বিজ্ঞ-২৩৯/১৩-১৯৪

তারিখঃ ০৬ নভেম্বর ২০২৩

### সংবাদ বিজ্ঞপ্তিঃ

### যেকোন ধরনের নির্যাতন মানবাধিকারের স্পষ্ট লংঘন- জাতিসংঘ মহাসচিব

“যেকোন ধরনের নির্যাতন মানবাধিকারের স্পষ্ট লংঘন। সকল মানবাধিকার কমিশনকে একসাথে টর্চারের বিরুদ্ধে কাজ করতে হবে”। আজ ডেনমার্কের কোপেনহেগেনে অনুষ্ঠিত গ্লোবাল এলায়েন্স অফ ন্যাশনাল হিউম্যান রাইটস ইন্সটিটিউশনস এর ১৪ তম আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধনী পর্বে এসব কথা বলেন জাতিসংঘ মানবাধিকার কাউন্সিলের প্রধান ভলকার তুর্ক। এবারের সম্মেলনের মূল আলচ্য বিষয় *Torture and other ill-treatment: The role of National Human Rights Institutions*। সভায় আচিম স্টেইনার, ইউএনডিপি এডমিনিস্ট্রেটর বলেন, “আগামী বছর নির্যাতন এবং অন্যান্য নিষ্ঠুর, অমানবিক অথবা মর্যাদা হানিকর আচরণ বা শাস্তির বিরুদ্ধে কনভেনশন, ১৯৮৪ –(CAT) এর ৪০ বছর পূর্তিতে আমাদের টর্চার নির্মূলে কাজ করতে হবে”।

সম্মেলনে জাতীয় মানবাধিকার কমিশনের মাননীয় চেয়ারম্যান ড. কামাল উদ্দিন আহমেদ এবং পরিচালক কাজী আরফান আশিক যোগ দিয়েছেন। কমিশন চেয়ারম্যান সেখানে বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতি বিষয়ে আলোচনা করবেন। এছাড়াও, সম্মেলনে উপস্থিত ইউরোপিয়ান ইউনিয়নের মানবাধিকার বিষয়ক বিশেষ প্রতিনিধি ইমন গিলমোরের সাথে দেশের বর্তমান মানবাধিকার পরিস্থিতি নিয়ে আলোচনা করেন ড. কামাল উদ্দিন আহমেদ।

উদ্বোধনী পর্বে সভাপতিত্ব করেন ড্যানিশ ইন্সটিটিউট অফ হিউম্যান রাইটস এর নির্বাহী পরিচালক লুইস হঙ্ক। সম্মেলনে আরও উপস্থিত ছিলেন গ্লোবাল এলায়েন্স অফ ন্যাশনাল হিউম্যান রাইটস ইন্সটিটিউশনস এর চেয়ারপারসন মিজ মারিয়াম আল আতিয়া, বিরগিতে নিগার্ট, মানবিক বিপর্যয় ও নাগরিক সমাজের সম্পৃক্ততা বিষয়ক বিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়, ডেনমার্কসহ মানবাধিকার বিষয়ক আন্তর্জাতিক বিশেষজ্ঞ এবং বিভিন্ন দেশের মানবাধিকার কমিশনসমূহের চেয়ারম্যান ও কর্মকর্তাবৃন্দ। সভায় প্যালেস্টাইন মানবাধিকার কমিশনের মহাপরিচালক আম্মার আল দোয়াইক প্যালেস্টাইনের বর্তমান ভয়াবহ পরিস্থিতি সকলের সামনে তুলে ধরেন।

ধন্যবাদান্তে,

স্বাক্ষরিত/-

ফারহানা সাঈদ

উপপরিচালক

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ।